

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উপজেলা-২ শাখা  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৫.০১৮.০১.৬৫.০৬৫.২০১১(অংশ-১) -১৩ ৫০

তারিখঃ ১৩/১১/২০১৭

বিষয় : রাজস্ব তহবিলের অর্থায়নে ত্রিশাল উপজেলা পরিষদের প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন।

সূত্র : উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ এর স্মারক নং-৪২৬ ও ৫৩৭; তারিখ : ০২/০৮/২০১৭ ও ০৯/০৮/২০১৭

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলতি ২০১৭-১৮ অর্থ বছরে রাজস্ব তহবিলের অর্থায়নে ক্রমিক নং-১ ও ২-এ বর্ণিত ইউএনও, ত্রিশাল এর বাসভবনে ০১টি কক্ষ নির্মাণ এবং উপজেলা পরিষদ ভবনের পিছন পার্শ্বের বাউন্ডারী ওয়াল প্রাক্কলিত মূল্য যথাক্রমে ৬.০০ লক্ষ ও ১১.১৮ লক্ষ টাকা ব্যয়ে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো। একই সাথে

নিম্নবর্ণিত প্রকল্পসমূহের প্রাক্কলন বিদ্যমান পরিপত্র ও নির্দেশনা অনুসরণে যাচাই-বাছাইপূর্বক স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব এবং ৩০ জুন, ২০১৭ তারিখে অব্যয়িত রাজস্ব উদ্ধৃত তহবিলের অর্থ উন্নয়ন তহবিলে জমার স্বপক্ষে তথ্যাদিসহ পুনরায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

ক্রমিক নং	প্রকল্পের নাম
১।	উপজেলা পরিষদের ডরমেটরী ভবন মেরামত
২।	উপজেলা পরিষদ ভবনের সামনের দিকের সীমানা প্রাচীর নির্মাণ
৩।	উপজেলা পরিষদ ভবনের পিছনে (সুতিয়া নদীর পাড়) প্রোটেকশন ওয়াল নির্মাণ
৪।	উপজেলা পরিষদ ভবনের প্রবেশ গেইট নির্মাণ
৫।	উপজেলা পরিষদ ভবনের মেইন গেইট নির্মাণ

(মোহাম্মদ জহিরুল ইসলাম)

সিনিয়র সহকারী সচিব

ফোন : ৯৫৭৭২৩০

e-mail : lgd.upazila2@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার

ত্রিশাল, ময়মনসিংহ।

অনুলিপি :

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
২. ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।